# শ্রমিক ব্যবস্থাপনা পদ্ধতি (এলএমপি) নির্বাহী সার-সংক্ষেপ

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (বিএলপিএ), জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), এবং সড়ক ও জনপথ বিভাগ (আরএইচডি) কর্তৃক পূর্ব দক্ষিণ এশিয়ায় পরিবহন ও বাণিজ্য সংযোগ ত্বরান্বিত করণ (ACCESS) কর্মসূচির জন্য শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি (এলএমপি) প্রস্তত করা হয়েছে। এই প্রকল্পের উন্নয়নের উদ্দেশ্য হল বাংলাদেশে আঞ্চলিক পরিবহন ও বাণিজ্যের অবস্থার উন্নতির জন্য বাণিজ্য-সক্ষম অবকাঠামো, প্রযুক্তি এবং প্রক্রিয়াগুলিকে উন্নত করা। প্রকল্পটি বিশ্বব্যাংকের ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (আইডিএ) দ্বারা অর্থায়ন করা হবে বলে আশা করা হচ্ছে। অতএব, প্রকল্প কার্যক্রমের নকশা এবং বাস্তবায়ন  জাতীয় আইনি কাঠামো এর পাশাপাশি  বিশ্বব্যাংকের পরিবেশ ও সামাজিক কাঠামো (ESF), এবং পরিবেশগত ও সামাজিক মান (ESSs) দ্বারা পরিচালিত হবে।

বিশ্বব্যাংকের পরিবেশ ও সামাজিক কাঠামো  (ESF) এবং এর পরিবেশগত ও সামাজিক মান (ESS)  এর শ্রম ও কাজের অবস্থা এবং বাংলাদেশের জাতীয় শ্রম আইনের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা পূরণের জন্য LMP প্রস্তত করা হয়েছে। বাংলাদেশ শ্রম আইন অনুমোদনের আগে উন্নয়ন প্রকল্পের মূল্যায়ন এবং OHS প্রয়োজনীয়তা সহ শ্রম এবং কাজের অবস্থার পর্যালোচনা করার প্রয়োজন পরে না। বিশ্বব্যাংকের ESF অনুসারে, শ্রমিকদের সাথে সম্পর্কিত ঝুঁকি এবং সংশ্লিষ্ট সমস্যাগুলি কমানোর জন্য শ্রম ব্যবস্থাপনা পরিকল্পনা/প্রক্রিয়া বা OHS পরিকল্পনা প্রস্তত করা বাধ্যতামূলক। বাস্তবায়নকারী সংস্থা (IAs) কর্তৃক প্রস্তুতকৃত শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি (এলএমপি) দ্বারা প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য শ্রম নিয়োগের সম্ভাব্য ঝুঁকি এবং প্রভাবগুলি মূল্যায়ন করা।  সেই সাথে ESSs এবং বাংলাদেশ শ্রম নীতি এবং বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রশমন ব্যবস্থার মাধ্যমে তাদের সমাধান করে।

সরাসরি এবং চুক্তিবদ্ধ বিভিন্ন ধরনের কর্মীর আনুমানিক সংখ্যা, পরিবেশগত এবং সামাজিক ঝুঁকি - যেমন অনৈতিক শ্রম অনুশীলন, শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা (OHS) সমস্যা, সম্প্রদায়ের ঝুঁকি, প্রকল্প থেকে সুবিধাবঞ্চিত এবং দুর্বলদের বাদ দেওয়া, শিশু পাচার, জোরপূর্বক শিশু শ্রম, মানব পাচার, সুবিধাভোগীদের শোষণ সহ করোনাকালীন কাজ করার সময় সম্ভাব্য স্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যা  ইত্যাদি বিষয়গুলো শ্রম ব্যবস্থাপনা পদ্ধতিতে (LMP) মূল্যায়ন এবং উপস্থাপন করা হয়েছে। প্রকল্পের আকার, সম্ভাব্য পরিবেশগত এবং সামাজিক (ES) ঝুঁকি এবং প্রভাব ব্যবস্থাপনা ও প্রশমিত করার জন্য বাস্তবায়নকারী সংস্থাগুলির ক্ষমতা এবং যে প্রেক্ষাপটে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে, সেই প্রকল্পের জন্য সামগ্রিক ES ঝুঁকি নির্ধারণ করা হয়েছে। এবং এই প্রকল্পের পরিবেশ ও সামাজিক প্রভাবকে সার্বিকভাবে 'High', যেখানে পরিবেশের প্রভাব 'substantial' এবং সামাজিক প্রভাব 'High' উল্লেখ করা হয়েছে। ESSs, শ্রম আইন ২০০৬ (২০১৩ এবং ২০১৮ সালের সংশোধনী সহ), জাতীয় শিশু শ্রম নির্মূল নীতি ২০১০, কোভিড-১৯ এর জন্য সরকারী এবং WHO নির্দেশিকা ইত্যাদির বিধানগুলি পুঙ্খানুপুঙ্খভাবে অধ্যয়ন করা হয়েছে এবং তাদের প্রয়োজনীয়তা এবং বাধ্যবাধকতা পূরণের জন্য উদ্ধৃত করা হয়েছে। কর্মসংস্থানের শর্তাবলী, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য, এবং শিশু/বাধ্য শ্রম, সবগুলিকে নির্দেশিকা হিসাবে উল্লেখ করা হয়েছে।

বাস্তবায়নকারি সংস্থা (IAs)-এর বিদ্যমান পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক ক্ষমতা জোরদার করার জন্য প্রকল্পের সিস্টেম এবং ব্যবস্থা উন্নয়ন ও বাস্তবায়ন করবে। এই প্রকল্পের বাস্তবায়ন ইউনিট (PIUs) এর মধ্যে একজন ডেপুটি ডিরেক্টরের নেতৃত্বে একটি সামাজিক, পরিবেশগত এবং যোগাযোগ সেল অন্তর্ভুক্ত থাকবে যেখানে বিশেষজ্ঞ (পরামর্শদাতা) নিয়োজিত থাকবেন। বিশেষত নির্মাণের পূর্বে LMP-এর জন্য, প্রতিটি PIU সাব-প্রকল্পের কার্যক্রম তত্ত্বাবধানের জন্য প্রয়োজনীয় স্থায়ী ও পেশাগত, স্বাস্থ্য ও নিরাপত্তা বিশেষজ্ঞ নিয়োগ করবে, যারা LMP-এর যথাযথ বাস্তবায়ন এবং অপারেশন চলাকালীন পরিবেশগত ও সামাজিক প্রভাব প্রশমন ব্যবস্থার তদারকির জন্য দায়ী থাকবে।

বিশ্ব ব্যাংকের যৌন নির্যাতন (SEA/SH) ঝুঁকি মূল্যায়নের সাথে সঙ্গতিপূর্ণ অবকাঠামো নির্মাণ কাজে জড়িত প্রকল্পগুলির জন্য এবং সংশ্লিষ্ট গুড প্র্যাকটিস নোট (GPN) অনুসারে এবং ESIA থেকে পাওয়া ফলাফল অনুযায়ী, এই মূল্যায়ন প্রকল্পের সাইটগুলিতে/ এলাকাতে শ্রম প্রবাহের সম্মিলিত প্রভাবকে প্রতিফলিত করে। BLPA এবং RHD'র কাজের জন্যে বেশিরভাগ অদক্ষ এবং আধা-দক্ষ শ্রম আশেপাশের এলাকা থেকে নিয়োগ করবে, শুধুমাত্র দক্ষ এবং কিছু আধা-দক্ষ শ্রমিক এই অঞ্চলের বাইরে থেকে পাওয়া যাবে বলে ধারণা করা হচ্ছে। অন্যান্য প্রকল্পের মতো এই আঞ্চলিক করিডোরে প্রকল্প এলাকায় শ্রমিকের আগমনের সাথে ঝুঁকি জড়িত রয়েছে। চলমান BRCP-1-এর অংশ হিসাবে, BLPA বর্তমানে BRCP-1-এর অংশ হিসাবে একটি সংস্কারের SEA/SH অ্যাকশন প্ল্যান বাস্তবায়ন করছে। এই পরিকল্পনার বাস্তবায়ন BLPA-এর পূর্ববর্তী অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। অন্যান্য প্রকল্পের পরিবেশে, এই প্রকল্পের জন্য প্রস্তাবিত সাইটগুলি সহ, সেইসাথে অন্যান্য প্রকল্প পরিবেশে অনুরূপ ঝুঁকিগুলি মূল্যায়ন করা। অন্য প্রকল্পের অনুরূপ ঝুঁকি গুলো এই প্রকল্পের জন্যে প্রস্তাবিত সাইট গুলোতে অনুরূপ ভাবে বিবেচিত হবে। একইভাবে, RHD তার চলমান WeCARE MPA প্রোগ্রামের অংশ হিসাবে একটি স্বতন্ত্র SEA/SH পরিকল্পনা বাস্তবায়ন করছে।এনবিআরের প্রকল্প সাইটগুলি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর চট্টগ্রামে অবস্থিত এবং অন্যান্য সাইটগুলিও পেরি-আরবান বা শহুরে এলাকায় অবস্থিত। ফলে এনবিআর প্রকল্পে শ্রম চাহিদা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে না। এই প্রকল্পের অংশ হিসেবে স্থানীয় নারীদের কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষতা উন্নয়ন এবং আন্তঃসীমান্ত বাণিজ্য সুবিধার জন্য কার্যক্রমের প্রস্তাব করা হয়েছে। SEA/SH প্রতিরোধ এবং প্রতিক্রিয়া কার্যক্রম এই ধরনের লিঙ্গ ভিত্তিক নথীতে অন্তর্ভুক্ত করা হবে।

এলএমপির (LMP) সাথে কর্মীদের জন্য একটি অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা (GRM) তৈরি করা হয়েছে যাতে IAs তাদের PIUs, পরামর্শদাতা, ঠিকাদারদার এবং তাদের দ্বারা নিজুক্ত যে কেউ সম্ভাব্য অসন্তোষ বা উদ্বেগ উত্থাপন করতে পারে। অভিযোগগুলি কীভাবে পরিচালনা করতে হয় সে সম্পর্কে নিয়মকানুন GRM এ উল্লেখ থাকে যা SEA/SH এর বিশেষ প্রোটকল যা এই ধরনের অভিযোগ নিরসন করে থাকে। প্রকল্পের নকশায় SEA/SH ঝুঁকি ব্যবস্থাপনায়, IAs-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির সমর্থনে প্রকল্প কর্মীদের জন্য একটি আচরণবিধি রয়েছে যেখানে সুবিধাভোগী সম্প্রদায়, স্টেকহোল্ডার এবং IAs এবং SEA/SH-এর মাধ্যমে SEA/SH সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার কর্ম পরিকল্পনা উল্লেখ করা হয়েছে। ।

কাজের সঠিক পরিস্থিতি এবং কর্মীদের সম্পর্ক, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার ব্যবস্থাপনা নিশ্চিত করতে এবং কর্মশক্তি-সম্পর্কিত যেমন; যৌন নির্যাতন, অপব্যবহার এবং যৌন হয়রানি (SEA/SH) এর সাথে সম্পর্কিত প্রকল্পের সমস্যাগুলিকে মোকাবেলা করার জন্য এই এলএমপি প্রস্তুত করা হয়েছে। এটি একটি লাইভ নথি, তাই প্রকল্পের চাহিদা মেটাতে আপডেট করা যেতে পারে, এবং এটি প্রকল্পের পরিবেশগত এবং সামাজিক (E&S) পরিচালনার দিকগুলিকে তুলে ধরার করার জন্য তৈরি করা । IAs' এবং WB-এর ওয়েবসাইটে অন্যান্য E&S নথি, যেমন; SEP, RPF, ESMF, ESIA ইত্যাদি এই LMP সহ প্রকল্প মূল্যায়নের আগে প্রকাশ করা হবে।